জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আইএমইডি কর্তৃক বাস্তবায়িত কর্মসূচির সচিত্র বিবরণী

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে বর্ষব্যাপী কর্মসূচি পালন অব্যাহত রয়েছে। উক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক ৩০শে জুন ২০২১ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গত ১৭ মার্চ ২০২০ তারিখে আইএমইডি'র গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে;

চিত্র: আইএমইডি'র লাইব্রেরিতে স্থাপিত বঙ্গবন্ধু কর্নার।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মদিবস উদযাপন উপলক্ষ্যে আইএমইডি'তে ১৭ মার্চ ২০২০ তারিখে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দিবসটিকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে অনুষ্ঠান শেষে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় আইএমইডি'র অফিস প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন;

চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মদিবসকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে আইএমইডি প্রাঙ্গণে বৃক্ষরোপন।

- মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত ব্যানার ও ফেস্টুন দ্বারা আইএমইডি'র ভবনসমূহ সুসজ্জিত করা হয়;
- এ বিভাগের সকল দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে যেমন: সরকারি পত্র, আধা-সরকারিপত্র, স্মারকপত্রে প্রতিষ্ঠানের লোগোর সাথে মুজিববর্ষের লোগোটি যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে;
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের মাঝে মুজিববর্ষের লোগো সম্বলিত মগ, টুপি, টি-শার্ট, কোটপিন, কলম ও গিফটবক্স বিতরণ করা হয়েছে;
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ওয়েবসাইট (www.imed.gov.bd)-এ মুজিববর্ষ কর্নার স্থাপন করা হয়েছে;
- মুজিববর্ষে সরকারি ক্রয় সংক্রান্ত বিভিন্ন তথ্য সম্পর্কে জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে এবং সরকারি ক্রয়কাজে নাগরিকগণকে সম্পৃক্ত করার উদ্দেশ্যে গত ২৬ আগস্ট, ২০২০ তারিখে সিটিজেন পোর্টাল বা সরকারি ক্রয় বাতায়ন নামক ওয়েবপোর্টাল চালু করা হয়েছে;

চিত্র: মুজিববর্ষে আইএমইডি'র উদ্ভাবন "সরকারি ক্রয় বাতায়ন" বা "সিটিজেন পোর্টাল" ওয়েবপোর্টালের হোম পেইজের একাংশ।

- ১৭ই মার্চ, ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা বিভাগ ও আইএমইডি'র যৌথ উদ্যোগে র‍্যালি, আলোচনা সভা ও দোয়া-মাহফিল অনুষ্ঠিত হয়।

চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পরিকল্পনা কমিশন চত্বরে আইএমইডি ও পরিকল্পনা বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি।

- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আইএমইডি'র উদ্যোগে সরকারের গুরুত্বপূর্ণ উন্নয়ন সম্পর্কিত বিষয়সমূহের উপর গত ২২ এপ্রিল, ২০২১ হতে ০৫ মে, ২০২১ পর্যন্ত অনলাইনে জুম প্লাটফর্ম ব্যবহার করে ৯টি ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। এ সকল ওয়েবিনারে রূপকল্প ২০৪১; প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১); অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই, ২০২০ – জুন, ২০২৫), বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, পরিবীক্ষণ ও মূল্যায়ন কৌশল প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত ছিল। আইএমইডি কর্তৃক আয়োজিত উক্ত ৯টি ওয়েবিনার এর বিষয়বস্তু নিয়ে গত ১৪ জুন ২০২১ তারিখে "আইএমইডি'র ওয়েবিনার পেপার সংকলন" শিরোনামের একটি সংকলন প্রকাশ করে সংশ্লিষ্ট সকল বরাবর বিতরণ করা হয়েছে।

চিত্র: মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আইএমইডি'র উদ্যোগে সরকারের গুরুত্বপূর্ণ উন্নয়ন সম্পর্কিত বিষয়সমূহের উপর আয়োজিত ওয়েবিনারসমূহের বিষয়বস্তুর উপর প্রকাশনা "ওয়েবিনার পেপার সংকলন"-এর প্রচ্ছদ।

- ২৭ ও ২৮ জুন, ২০২১ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে "বঙ্গবন্ধু ও উন্নয়ন ভাবনা" বিষয়ক দুই দিনব্যাপী চিত্র প্রদর্শনী ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত চিত্র প্রদর্শনীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বর্ণাঢ্য জীবনের দুর্লভ চিত্রসমূহ প্রদর্শন করা হয়।

চিত্র: আইএমই বিভাগের উদ্যোগে গত ২৭ ও ২৮ জুন ২০২১ তারিখে আয়োজিত দুই দিনব্যাপী বিশেষ চিত্র প্রদর্শনীতে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের দুর্লভ চিত্র সর্ম্পকে সহকর্মীদের ব্রিফ করছেন সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং অতিরিক্ত সচিব জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান।